



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.১৯-৪৬২

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪২৭
৩০ নভেম্বর ২০২০

বিষয় : ০৫টি পৌরসভার সাধারণ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে কতিপয় যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আগামী ১০ ডিসেম্বর ২০২০ তারিখে ফরিদপুর জেলার ফরিদপুর ও মধুখালী পৌরসভা, মাদারীপুর জেলার রাজৈর পৌরসভা, ব্রাহ্মণবাড়িয়া জেলার বাঞ্চারামপুর পৌরসভা এবং গাইবান্ধা জেলার পলাশবাড়ী পৌরসভার সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে। ইতঃপূর্বে অনুষ্ঠিত পৌরসভা নির্বাচনে যোগাযোগ মন্ত্রণালয় কর্তৃক ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে বিশেষ কয়েকটি যানবাহন যথা-মোটর সাইকেল, বেবী ট্যাক্সি, মাইক্রোবাস, জিপ ও পিক আপ ইত্যাদি চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছিল। একইভাবে উল্লিখিত নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ০৯ ডিসেম্বর ২০২০ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ১০ ডিসেম্বর ২০২০ তারিখ মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে :


(১) ট্রাক

(২) পিক আপ

০২। সে সাথে ০৮ ডিসেম্বর ২০২০ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ১১ ডিসেম্বর ২০২০ তারিখ সকাল ৬.০০ টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা বলবৎ থাকবে।

০৩। উপরোল্লিখিত নিষেধাজ্ঞা সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাদের নির্বাচনি এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এতদ্ব্যতীত জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

০৪। বর্ণিতাবস্থায়, উল্লিখিত পৌরসভার সাধারণ নির্বাচন উপলক্ষে সংশ্লিষ্ট পৌরসভা এলাকায় ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ০৯ ডিসেম্বর ২০২০ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ১০ ডিসেম্বর ২০২০ তারিখ মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত বর্ণিত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ এবং সে সাথে ০৮ ডিসেম্বর ২০২০ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ১১ ডিসেম্বর ২০২০ তারিখ সকাল ৬.০০ টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করার লক্ষ্যে জেলা প্রশাসক/সংশ্লিষ্ট অন্যান্য কর্তৃপক্ষ-কে ক্ষমতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ আতিয়ার রহমান)

উপসচিব

নির্বাচন পরিচালনা-২ অধিশাখা

ফোন: ০২-৫৫০০৭৫২৫

E-mail: sasemc1@gmail.com

সচিব

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.১৯-৪৬২

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪২৭
৩০ নভেম্বর ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৫. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় /জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/কোস্টগার্ড/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৭. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. বিভাগীয় কমিশনার,(সংশ্লিষ্ট) বিভাগ
১০. মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১১. উপ মহাপুলিশ পরিদর্শক,(সংশ্লিষ্ট) রেঞ্জ
১২. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৪. উপসচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৫. জেলা প্রশাসক,(সংশ্লিষ্ট)
১৬. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,(সংশ্লিষ্ট) অঞ্চল
১৭. পুলিশ সুপার,(সংশ্লিষ্ট)
১৮.(সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার
১৯. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি,(সংশ্লিষ্ট)
২০. উপজেলা নির্বাহী অফিসার,(সংশ্লিষ্ট)
২১. জেলা তথ্য অফিসার,(সংশ্লিষ্ট)
২২. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৩. মাননীয় নির্বাচন কমিশনার জনাবএর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৪. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)
২৫. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব,(সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৬.(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২৭. ভারপ্রাপ্ত কর্মকর্তা,(সংশ্লিষ্ট) থানা।


৩০/১১/২০২০
(মোহাম্মদ মোরশেদ আলম)
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১
ফোন: ০২-৫৫০০৭৬১০
E-mail: sasemc1@gmail.com